
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



# পল্লী পারিক্রমা

www.brdb.gov.bd

জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৬

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....


| | |
|---|---|
| পল্লী জীবিকায়ন প্রকল্পের সুফলভোগীদের ৯ দিন ব্যাপী প্রশিক্ষণ | ২ |
| পজীপ-৩য় পর্যায় কর্তৃক ৩দিন ব্যাপী আয়বর্ধনমূলক প্রশিক্ষণ | ২ |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সমবায় সমিতি পরিদর্শন | ৩ |
| রংপুরে স্কুলগামী কিশোরীদের সচেতনামূলক প্রশিক্ষণ | ৩ |
| পদাবিক'র উপকারভোগীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | ৪ |


## বিআরডিবি'র পরিচালনা পর্ষদের ৫৪তম সভা অনুষ্ঠিত




২১ আগস্ট ২০২৪ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) পরিচালনা পর্ষদের ৫৪তম সভা (বোর্ড সভা) বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বিআরডিবি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এ. এফ. হাসান আরিফ মহোদয় উক্ত সভার সভাপতিত্ব করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোসাম্মৎ শাহানারা খাতুন, বিআরডিবি'র মহাপরিচালক আঃ গাফ্ফার খান (গ্রেড-১) সহ পরিচালনা পর্ষদের সদস্যবর্গ সভায় উপস্থিত ছিলেন। মাননীয় উপদেষ্টা মহোদয় বলেন, প্রান্তিক জনগোষ্ঠীকে পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) সেবার আওতাভুক্ত করতে হবে। তিনি আরও বলেন, 'বিআরডিবি'র মূল লক্ষ্য হলো দারিদ্র্য বিমোচন করা। দারিদ্র্য বিমোচনে এই প্রতিষ্ঠানে যা চর্চা হচ্ছে তা আরও ত্বরান্বিত করতে হবে। এজন্য পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে বিআরডিবি'র গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ এবং ভবিষ্যতে নতুন উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করার পরামর্শ দেন। বিশেষ করে জিডিপিতে বিআরডিবি'র অবদান ১ দশমিক ৯৩ শতাংশ থেকে বৃদ্ধি করে ৩- ৫ শতাংশ এ উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা এবং এ লক্ষ্যে জীবন-জীবিকা উন্নয়নে কার্যকর ও ফলাফলভিত্তিক প্রকল্প গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। বিআরডিবি'র মহাপরিচালক আঃ গাফ্ফার খান (গ্রেড-১) মহোদয় বলেন, বিআরডিবি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (১) দারিদ্র্য বিলোপ ও (২) ক্ষুধা মুক্তি -এই ২টি অভীষ্টসহ অন্যান্য অভীষ্ট পূরণে কাজ করছে।



### মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড। বিআরডিবি সরকারের নির্দেশনায় ক্ষুধা-দারিদ্র্য ও বৈষম্যমুক্ত দেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

বিআরডিবি'র ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার 'পল্লী পরিক্রমা' এর জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ-৮, সংখ্যা-২৬ প্রকাশিত হলো। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

**আঃ গাফ্ফার খান**
**মহাপরিচালক (গ্রেড-১)**

## বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদদের আত্মার মাগফিরাত কামনা



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) পরিচালনা পর্ষদের ৫৪তম সভার শুরুতেই আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি মহোদয়ের প্রস্তাবে মাননীয় উপদেষ্টা মহোদয়ের সম্মতিতে সম্প্রতি সংগঠিত বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদদের আত্মার মাগফিরাত কামনাসহ এক মিনিট নীরবতা পালন করা হয়। এছাড়াও ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত সকলের দ্রুত সুস্থতা কামনা করা হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এ. এফ. হাসান আরিফ মহোদয় বিআরডিবি'র সার্বিক কার্যক্রমের প্রশংসা করেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পারিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৬

# পল্লী জীবিকায়ন প্রকল্পের সুফলভোগীদের ৯ দিন ব্যাপী প্রশিক্ষণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (রংপুর জেলা) কর্তৃক বাস্তবায়িত পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় (পজীপ)-এর সুফলভোগীদের ৯ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। ৯ দিনব্যাপী প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শফিউর রহমান, জেলা প্রশাসক, জামালপুর মহোদয়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহবুবুর রহমান, ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, জামালপুর। উক্ত সমাপনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ লুৎফর রহমান, উপপরিচালক, বিআরডিবি, জামালপুর। অনুষ্ঠানের সভাপতি মহোদয় বলেন, প্রশিক্ষণের উদ্দেশ্য সুফলভোগীদের দক্ষ উদ্যোক্তা হিসাবে গড়ে তোলা। আপনাদের সফলতাই বিআরডিবি'র সফলতা। সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সুশীল সমাজের প্রতিনিধিগণ ও সাংবাদিকবৃন্দ ও বিআরডিবি'র সুফলভোগীগণ।




# পজীপ ৩য় পর্যায় কর্তৃক ৩দিন ব্যাপী আয়বর্ধনমূলক প্রশিক্ষণ



০১ জুলাই ২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঝিনাইদহের শৈলকূপা উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক সুফলভোগীদের ৩দিন ব্যাপী আয়বর্ধনমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে পশু পালনে করণীয় বিষয়ের উপর ক্লাস নিচ্ছেন শংকর বিশ্বাস, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, শৈলকূপা, ঝিনাইদহ। প্রশিক্ষণ সঞ্চালনা করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শৈলকূপা, ঝিনাইদহ। দেশের বাজারে গরুর গোস্তের সরবরাহ বাড়াতে এবং গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড পশু পালন খাতে পল্লী উগ্যোক্তা ঋণ দিয়ে যাচ্ছে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৬






**স্থির চিত্র-০১** **স্থির চিত্র-০২**





**স্থির চিত্র-০৩** **স্থির চিত্র-০৪**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব মোসাম্মৎ শাহানারা খাতুন এবং মন্ত্রণালয় ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণ ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বিজয়পুর রুদ্রপাল মৃৎশিল্প সমবায় সমিতি লিঃ, কুমিল্লা সদর, কুমিল্লা পরিদর্শন করেন। মাননীয় সচিব মহোদয়কে উপপরিচালক (কুমিল্লা) অবগত করেন যে, বিআরডিবি'র অফিস হতে সমিতির সদস্যদের কর্মকান্ড মনিটারিং করা হয় এবং প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন
পল্লী পরিক্রমা
জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৬

# রংপুরে স্কুলগামী কিশোরীদের নিয়ে সচেতনামূলক প্রশিক্ষণ

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো), বিআরডিবি, গংগাচড়া, রংপুরের আয়োজনে বড়বিল দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের স্কুলগামী কিশোরীদের নিয়ে সচেতনামূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানে একশত ছাত্রীর মাঝে বিনামূল্যে স্যানিটা্রি ন্যাপকিন, শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। সচেতনতামূলক প্রশিক্ষণে উপস্থিত ছিলেন উপপরিচালক, রংপুর, বিআরডিবি, উপজেলা মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত) এবং অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, গংগাচড়া, রংপুর। অনুষ্ঠানের বক্তাগণ বলেন, কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ভবিষতে জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ আবদান রাখবে। বিআরডিবি'র কাছে অনুরোধ থাকবে এই জাতীয় প্রকল্প গ্রহণ করে দেশ ও জাতি গঠনে ভূমিকা রাখার।




# বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির আওতায় বিআরডিবি কর্তৃক একজন বীর মুক্তিযোদ্ধার সন্তানকে ঋণ সহায়তা



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির আওতায় বিআরডিবি জামালপুর সদর একজন বীর মুক্তিযোদ্ধার সন্তানকে ১,০০,০০০/- টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়। ঋণ সহায়তার চেক হস্তান্তর করেন জনাব জিন্নাত শহীদ পিংকি, উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর। হস্তান্তরকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, দেশের শ্রেষ্ট সন্তানদের পরিবারের আর্থিক সচ্ছলতায় বিআরডিবি'র প্রকল্পটি ব্যাতিক্রমধর্মী। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জালামপুর।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৬






**যোগাযোগঃ**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার, ঢাকা।

ফোন : ০২-৫৫০১১৭৩৪
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/
www.youtube.com/channel UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured
https://twitter.com/_BRDB





২২-৯-২০২৪ তারিখে নোয়াখালী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, নোয়াখালী সদরে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) -এর আওতায় হাইস্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ড. মোহাম্মদ গোলাম মোস্তফা, উপসচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ রাশেদুল আলম, প্রকল্প পরিচালক, বিআরডিবি।






গাজীপুরের কালিয়াকৈর উপজেলা বিআরডিবি’র তত্ত্বাবধায়নে পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচি (পদাবিক) -এর উপকারভোগীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোরশেদ আলম, কর্মসূচি পরিচালক, পদাবিক, বিআরডিবি এবং মোঃ আব্দুল হান্নান, উপপরিচালক, গাজীপুর। এছাড়াও উপস্থিত ছিলেন বিআরডিবি’র বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা-কর্মচারীগণ। দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠান শেষে পদাবিকের কর্মসূচি পরিচালক সুফলভোগীদের মাঝে বিভিন্ন ধরণের ফলের চারাগাছ বিতরণ করেন। এ সময় প্রধান অতিথি বলেন, প্রতিনিয়ত আমাদের দেশে বনভূমির পরিমাণ হ্রাস পাচ্ছে। ফলাফল স্বরূপ দেশ মরুভূমিতে পরিণত হচ্ছে, তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে এবং মানুষের কর্মক্ষমতা হ্রাস পাচ্ছে। এখন তাপমাত্রা বৃদ্ধি বৈশ্বিক সমস্যায় পরিণত হয়েছে। সেজন্য আমাদের গাছ লাগাতে হবে নিজের ও দেশের স্বার্থে।


মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
ফোন: ০২-৮১৮০০১৮, ফ্যাক্স: ০২-৮১৮০০০৩, ই-মেইল: ddprc@brdb.gov.bd, ওয়েবসাইট: www.brdb.gov.bd